



চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ

চউক ভবন, চট্টগ্রাম।



২০২২-২০২৩ অর্থ বছরে চউক- এর অধীনে দরপত্রে অংশগ্রহণে আগ্রহী সিভিল, যান্ত্রিক ও বৈদ্যুতিক ঠিকাদারের নতুন তালিকাভুক্তি ও ইতোপূর্বে তালিকাভুক্ত ঠিকাদারদের তালিকাভুক্তি নবায়নের বিজ্ঞপ্তি।

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের অধীনে দরপত্রে অংশ গ্রহণের জন্য তালিকাভুক্ত হতে আগ্রহী ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান এবং বর্তমান তালিকাভুক্ত ঠিকাদারগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যারা ২০২২-২০২৩ অর্থবছরে চউক-এ নতুনভাবে তালিকাভুক্ত এবং তালিকাভুক্তি নবায়নে আগ্রহী তাদেরকে চউক নির্ধারিত ফরমে ২০২২ সালের ৩১ জুলাই এর মধ্যে আবেদন দাখিল করতে হবে। উক্ত ফরম সমূহ (নতুন তালিকাভুক্তি ও নবায়ন) ০৩ জুলাই, ২০২২ হতে পূবালী ব্যাংক লিঃ, চউক শাখা, চট্টগ্রাম হতে নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) ক্রয় করা যাবে।

নতুন তালিকাভুক্তি ও তালিকাভুক্তি নবায়নের জন্য নির্দিষ্ট ফরম সমূহের প্রত্যেকটি কলাম যথাযথভাবে পূরণ করে নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ এর দপ্তরে ৩১ জুলাই, ২০২২ তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে। তালিকাভুক্তি নবায়নের ক্ষেত্রে ৩১ জুলাই, ২০২২ তারিখের পর আবেদন দাখিল করলে প্রতি মাস বা তদাংশ বিশেষের জন্য নবায়ন ফিস এর অতিরিক্ত ২% হারে জরিমানা প্রদান করতে হবে।

নতুন তালিকাভুক্তি বা তালিকাভুক্তি নবায়নের ক্ষেত্রে প্রদত্ত ফিসের সাথে সরকার নির্ধারিত ১৫% হারে ভ্যাট প্রদান করতে হবে।

যে সমস্ত নির্মাণ প্রতিষ্ঠান/ঠিকাদার ভ্যাট, কাষ্টমস এন্ড এক্সাইজ বিভাগে এখনো নিবন্ধনকৃত হননি তাদের আবেদন (নতুন তালিকাভুক্তি বা নবায়ন) বিবেচিত হবে না। উল্লেখ্য, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে ঠিকাদারদের তালিকাভুক্তি নবায়ন করা না হলে তালিকাভুক্তি বাতিল বলে গণ্য করা হবে।

যারা পূর্বে চউক ঠিকাদার হিসাবে তালিকাভুক্ত ছিলেন, কিন্তু পরবর্তীতে তালিকাভুক্তি নবায়ন করেননি বা করতে পারেননি তারা নতুন তালিকাভুক্তির জন্য আবেদন করার যোগ্য নন।

তালিকাভুক্তি নবায়নের ক্ষেত্রে আবেদনকারীকে আবেদন পত্রের সঙ্গে চলতি সালের ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিঃ সার্টিফিকেট, টি.আই.এন সার্টিফিকেট, ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট অবশ্যই সংযুক্ত করতে হবে। অন্যথায় তাদের আবেদন বিবেচনা করা হবে না। কারও আবেদন ফরমে প্রদত্ত তথ্য বা সংযুক্ত সার্টিফিকেট ভুল কিংবা মিথ্যা প্রমানিত হলে তার তালিকাভুক্তি/নবায়ন বাতিল করা হবে এবং আবেদনকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

কোন ব্যক্তি/প্রতিষ্ঠানকে তালিকাভুক্তি প্রদান করা বা না করার অধিকার চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এই ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

এই বিজ্ঞপ্তিটি সিডিএ ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

Handwritten signature and date: 16/06/2022

নির্বাহী প্রকৌশলী

প্রকল্প বিভাগ

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ

ফোন নং- ০৩১-৬৩২১১৩ (অফিস)।

Handwritten signature